

# শিক্ষক ঐক্যজোট নতুন কারিকুলাম বাতিলের দাবি

নিজস্ব প্রতিবেদক

০৫ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



বেসরকারি সব শিক্ষক-কর্মচারীর চাকরি জাতীয়করণ করা, শিক্ষায় যুগপৎ পরিবর্তন ও শিক্ষকদের জীবনমান উন্নয়নের দাবিতে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তপন কুমার সরকারের সঙ্গে বৈঠক করেছেন শিক্ষক কর্মচারী ঐক্যজোটের সভাপতি অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়া। গতকালের এ বৈঠকে ১০ দফা দাবি পেশ করা করেন সেলিম ভূঁইয়া। বৈঠকে উপস্থিত ছিলেন সংগঠনের মহাসচিব মো. জাকির হোসেন, এইচএম সায়েদুজ্জামান প্রমুখ। দাবিগুলোর মধ্যে রয়েছে, নতুন শিক্ষাক্রম বাতিল ও পাঠ্য বিষয়ের ব্যাপক সংশোধন করা, নতুন শিক্ষাক্রমের জন্য রচিত পাঠ্যপুস্তক সংশোধন করে সৃজনশীল প্রশ্ন পদ্ধতির (কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি) উপযোগী পাঠ্যপুস্তক দ্রুত সময়ের মধ্যে প্রণয়ন করা, পূর্ববর্তী সরকারের আমলে দলীয়ভাবে নিয়োগ দেওয়া সব শিক্ষক-কর্মচারীর এমপিওর আবেদনপত্র ও তাদের নিয়োগ বাতিল করা। এছাড়াও রয়েছে, সব বেসরকারি শিক্ষক-কর্মচারীর চাকরি জাতীয়করণ করা, জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা ২০১০-এর মার্চ থেকে ২০১৩ পর্যন্ত সংশোধিত নিয়োগ বিধান চালু, কল্যাণ ট্রাস্টের ভোগান্তি বন্ধসহ ট্রাস্টের কমিটি পুনর্গঠন করা, অন্যায়ভাবে বরখাস্তকৃত শিক্ষক-কর্মচারীদের চাকরিতে পুনর্বহাল, বকেয়াসহ বেতন-ভাতা প্রদানের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা, গভর্নিং বডিতে পাসের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক অন্তর্ভুক্ত করা, শিক্ষক-কর্মচারী নিয়োগ কমিটিতে থানা শিক্ষা অফিসারকে বাদ দিতে হবে।